

টেনিসকে ভাল কিছু দিতে চাই-নৌপরিবহন প্রতিমন্ত্রী ও টেনিস ফেডারেশনের নতুন সভাপতি

ঢাকা, ৫ ডিসেম্বর ২০২২;

নৌপরিবহন প্রতিমন্ত্রী ও বাংলাদেশ টেনিস ফেডারেশনের নতুন সভাপতি খালিদ মাহমুদ চৌধুরী এমপি বলেছেন, সকলের সহযোগিতা ও আত্মহে টেনিসকে ভাল কিছু দিতে পারব। আমরা চাই টেনিস খেলাটা এগিয়ে যাক। একটি টিম ওয়ার্কের মাধ্যমে স্পিরিট নিয়ে চললে সেটা সম্ভব। আমরা টেনিসকে ভাল কিছু দিতে চাই। টেনিসের উন্নয়নে ফেডারেশনের নির্বাহী কমিটির বাইরে টেনিসের প্রতি যাদের আত্মহ আছে তাদেরকেও এডজাস্ট করতে হবে। আমরা টেনিসের সম্ভাবনা জাগাই, সহযোগিতা পাব।


প্রতিমন্ত্রী আজ ঢাকায় শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্সে বাংলাদেশ টেনিস ফেডারেশনের কার্যনির্বাহী কমিটির চতুর্থ বৈঠকে সভাপতির বক্তৃতায় এসব কথা বলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ টেনিস ফেডারেশনের সাধারণ সম্পাদক আবু সাঈদ মোহাম্মদ হায়দার।

প্রতিমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন বহুমাত্রিক নেতৃত্বের অধিকারী। তিনি আমাদেরকে শানিত করেছেন। বঙ্গবন্ধুর পর আমরা শেখ হাসিনার মতো যোগ্য নেতৃত্ব পাইনি। আশা করি তাঁর যোগ্য নেতৃত্বে খেলাধুলাসহ সকল ক্ষেত্রে আরো এগিয়ে যাব। তিনি বলেন, খেলাধুলা প্রতিটি মানুষের জীবনের অংশ হওয়া উচিত। ব্যক্তিগতভাবে খেলাধুলা করেছি। পায়ের ব্যাথার কারণে একটু ব্রেক হয়েছে। সবসময় খেলাধুলার মধ্যে আছি। বাবা ঢাকা প্রথম বিভাগে খেলেছেন। পরিবারের ভাইবোনরা খেলাধুলার সাথে জড়িত ছিল। খেলাধুলার সাথে আছি। খেলাধুলা ও সংস্কৃতির সাথে থাকতে ভাল লাগে; মনটা ভাল থাকে।

প্রতিমন্ত্রী পরে বাংলাদেশ টেনিস ফেডারেশন আয়োজিত প্রশিক্ষকের মাঝে সনদপত্র বিতরণ করেন।

এর আগে প্রতিমন্ত্রী শেখ জামাল জাতীয় টেনিস কমপ্লেক্স পরিদর্শন করেন।

  
মো. জাহাঙ্গীর আলম খান  
সিনিয়র তথ্য অফিসার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
০১৭১১-৪২৫৩৬৪